

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৪৮

৬৫/ কুরআন মাজীদের তাফসীর (كتاب التفسير)

পরিচ্ছেদঃ ৬৫/৮/৪. পরিচ্ছেদ নাই।

بَاب

আরবী

أَحْمَدُ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُعَاذٍ حَدَّثَنَا أَبِيْ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الْحَمِيْدِ هُوَ ابْنُ كُرْدِيْدٍ صَاحِبُ الزِّيَادِيِّ سَمِعَ أَنسَ بْنَ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ أَبُوْ جَهْلٍ (اللهُمَّ إِنْ كَانَ هٰذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِّنَ السَّمَآءِ أَوِ الْتِنَا بِعَذَابٍ أَلِيْمٍ) فَنَزَلَتْ (وَمَا كَانَ اللهُ لِيُعَذَّبِهُمْ وَهُمْ يَسْتَغْفِرُوْنَ (33) وَمَا لَهُمْ أَلَّا يُعَذَّبِهُمْ وَهُمْ يَسْتَغْفِرُوْنَ (33) وَمَا لَهُمْ أَلَّا يُعَذَّبِهُمُ اللهُ وَهُمْ يَصَدُّرُونَ (33) وَمَا لَهُمْ أَلَّا يُعَذَّبِهُمُ اللهُ وَهُمْ يَصَدُّونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ) الْآيَةَ

বাংলা

(وَإِذْ قَالُوا اللَّهُمَّ إِنْ كَانَ هٰذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِّنَ السَّمَآءِ أَو الْتِنَا بِعَذَابِ أَلِيْم)

''স্মরণ কর, তারা বলেছিলঃ হে আল্লাহ! যদি এ কুরআন তোমার পক্ষ থেকে সত্য হয় তাহলে আমাদের উপর আসমান থেকে প্রস্তুর বর্ষণ কর অথবা দাও আমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি। (সুরাহ আনফাল ৮/৩২)

قَالَ ابْنُ عُيَيْنَةَ مَا سَمَّى اللهُ تَعَالَى مَطَرًا فِي الْقُرْآنِ إِلَّا عَذَابًا وَتُسَمِّيْهِ الْعَرَبُ الْغَيْثَ وَهُوَ قَوْلُهُ تَعَالَى (يُنْزِلُ الْغَيْثَ مِنْمَبَعْدِ مَا قَنَطُوْا).

ইবনু 'উয়াইনাহ বলেছেন, কুরআনে করীমে শুধুমাত্র 'আযাব বা শাস্তিকেই আল্লাহ তা'আলা مَطْنُ নামে আখ্যায়িত করেছেন, বৃষ্টিকে 'আরবগণ غَيْثُ নামে আখ্যায়িত করে। যেমন আল্লাহর বাণীঃ وَيُنْزِلُ الْغَيْثَ مِنْمَبَعْدِ مَا قَنَطُو তারা নিরাশ হবার পর তিনি বৃষ্টি বর্ষণ করেন।

৪৬৪৮. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। আবূ জাহল বলেছিল, "হে আল্লাহ! এটা যদি তোমার পক্ষ থেকে



সত্য হয়, তবে আমাদের উপর আকাশ হতে প্রস্তর বর্ষণ কর কিংবা আমাদেরকে মর্মন্তুদ শান্তি দাও।" তখনই অবতীর্ণ হল- الله بُعُذَبَهُمْ وَهُمْ يَسْتَغُفِرُوْنَ * وَمَا لَهُمْ أَلَّا يُعَذَبَهُمْ اللهُ اللهُ مُعَذَبَهُمْ وَهُمْ يَسْتَغُفِرُوْنَ * وَمَا لَهُمْ أَلَّا يُعَذَبَهُمْ الله وَهُمْ يَصِدُونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ الْآيَةَ وَمَا كَانَ اللهُ مُعَذَبَهُمْ وَهُمْ يَصِدُونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ الْآيَةَ "আর আল্লাহ্ তো এরপ নন যে, তিনি তাদের শান্তি দেবেন অথচ আপনি তাদের মধ্যে থাকবেন এবং আল্লাহ্ এমনও নন যে, তিনি তাদের শান্তি দেবেন অথচ তারা ক্ষমা প্রার্থনা করবে। আর তাদের এমন কী আছে যে জন্য আল্লাহ্ তাদের শান্তি দেবেন না, অথচ তারা মসজিদে হারামে যেতে বাধা প্রদান করে? আর তারা সে মসজিদের তত্ত্বাবধায়কও নয়। তার তত্ত্বাবধায়ক তো মুক্তাকীরা ব্যতীত আর কেউ নয়। কিন্তু তাদের অধিকাংশই তা জানে না"- (সূরাহ আনফাল ৮/৩৩-৩৪)।[৪৬৪৯; মুসলিম ৫০/৫, হাঃ ২৭৯৬] (আধুনিক প্রকাশনীঃ ৪২৮৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪২৮৯)

English

Narrated Anas bin Malik:

Abu Jahl said, "O Allah! If this (Qur'an) is indeed the Truth from You, then rain down on us a shower of stones from the sky or bring on us a painful torment." So Allah revealed:-- "But Allah would not punish them while you were amongst them, nor He will punish them while they seek (Allah's) forgiveness..." (8.33) And why Allah should not punish them while they turn away (men) from Al- Masjid-al-Haram (the Sacred Mosque of Mecca)..." (8.33-34)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন